➢ যে সমস্ত ভার্টিক্যাল মেম্বারগুলো তার অক্ষ বরাবর কম্প্রেসন লোড বহন করে তাকে কলাম বা কম্প্রেসন মেম্বার বলে। আরসিসি কলাম, কলামগুলোকে এদের দৈঘ্যে সাথে প্রস্থচ্ছেদের নূন্যতম পার্শ্ব মাপের অনুপাতের উপর নির্ভর করে দুই শ্রেণিতে ভাগ করা হয়। যথা :

(ক) শর্ট কলাম

(খ) লং কলাম

✓ যখন দৈর্ঘ্য ও নূন্যতম পার্শ্ব পরিমাপের অনুপাত ১০ বা ১০ এর কম তাকে শর্ট কলাম বলে।

✓ যখন দৈর্ঘ্য ও নূন্যতম পার্শ্ব পরিমাপের অনুপাত ১০ এর বেশি তাকে লং কলাম বলে।

✓ স্লিন্ডারেন্স রেশিও : কলামের প্রকৃত দৈর্ঘ্যের সাথে এর নূন্যতম রেডিয়াস অব জাইরেশন এর অনুপাতকে স্লিন্ডারেন্স রেশিও বলে।

➢ রিইনফোর্সমেন্টের ব্যবহার অনুযায়ি রিইনফোর্সড কংক্রিট কলাম চার প্রকার। যথা :

(১) টাইড কলাম

(২) স্পাইরাল কলাম

(৩) কম্পোজিট কলাম

(৪) কম্বিনেশন কলাম

➢ টাইড কলাম :

টাইড কলাম বর্গাকার, বৃত্তাকার, আয়তাকার আকৃতির হতে পারে। এ কলামে নূন্যতম ১৬ মিমি ব্যাসের কমপক্ষে ৪টি খাড়া প্রধান রড এবং প্রধান রডগুলোকে সঠিক অবস্থানে রাখার জন্য পৃথক পার্শ্ব টাই ব্যবহার করা হয়। টাই রডের ব্যাস নূন্যতম ৬ মিমি এবং অনধিক ১২ মিমি.।

➢ স্পাইরাল কলাম :

এ কলামের প্রস্থচ্ছেদ সাধারণত বৃত্তাকার হয়। ACI কোড অনুযায়ি স্পাইরাল কলামে নূন্যতম ৬টি ১৬ মিমি. ব্যাসের খাড়া রড ব্যবহার করা হয়। অবিচ্ছিন্ন প্যাঁচানো রড দ্বারা খাড়া প্রধান রডগুলো বেঁধে রাখা হয়।

- কম্পোজিট কলাম

  যে সমস্ত আরসিসি কলামের মাঝে স্টিল জয়েন্ট ব্যবহার করে কলামকে আরও শক্তিশালী করা হয় ঐ সমস্ত কলামকে কম্পোজিট কলাম বলে।

- কম্বিনেশন কলাম

  এ জাতীয় কলামের বাইরের দিক থেকে ২.৫ সিমি. ভিতরে লোহার তার জালি রিউনফোর্সমেন্ট হিসেবে ব্যবহার করে প্রায় ৬.২৫ সেমি. কংক্রিট ঢালাই করা হয়। এবং ভিতরে স্ট্রাকচারাল স্টীল জয়েস্ট ব্যবহার করা হয়।

❖ ৫.২ টাইড কলাম এবং স্পাইরাল কলামে ব্যবহৃত রডের নূন্যতম আকার ও সংখ্যা বর্ণনা

- ACI কোড অনুযায়ি টাইড কলামে প্রধান রড হিসেবে খাড়াভাবে নূন্যতম ৪টি ১৬ মিমি ব্যাসের রড ব্যবহার করা হবে। স্পাইরাল কলামে প্রধান রড হিসেবে খাড়াভাবে নূন্যতম ৬টি ১৬ মিমি. ব্যাসের রড ব্যবহার করতে হবে। উভয় প্রকার কলামের ক্ষেত্রে টাই রড ও স্পাইরাল রিইনফোর্সমেন্ট হিসেবে নূন্যতম ৬মিমি. ও অনধিক ১২ মিমি আকারের রড ব্যবহার করতে হবে।

❖ ৫.৩ কলামের কার্যকরী দৈর্ঘ্য

- কলামের আকার নিরূপণের জন্য খরামের দৈর্ঘ্য সম্পর্কে জানা দরকার। কলামে সাধারণত দুই ধরণের দৈর্ঘ্য বিবেচনা করা হয়।
- মুক্ত দৈর্ঘ্য বা অসর্থিত দৈর্ঘ্য : কলামের মুক্ত দৈর্ঘ্য বলতে মেঝে ও সিলিং এর মধ্যবর্তী দূরত্বকে বুঝায়। অনেক সময় মেঝের উপর হতে গভীরতা বিমের তলা পর্যন্ত দূরত্ব হতে পারে। আবার ফ্ল্যাট স্ল্যাবের ক্ষেত্রে এটি মেঝে বা প্যাডেস্টালের উপর হতে ড্রপ বা ক্যাপিটালের তলা পর্যন্ত দূরত্ব বোঝায়। একে h দ্বারা প্রকাশ করা হয়।
- কার্যকরী দৈর্ঘ্য : কলামের উপর লোড প্রয়োগ করার ফলে কলামে প্রান্ত অবস্থা অনুযায়ি কলামের প্রান্তদ্বয় কলামকে বাঁকা হওয়া বা স্থানান্তর হওয়া থেকে প্রতিরোধ করে। তথাপিও কিছু দৈর্ঘ্য ব্যাপিয়া কলাম বাঁকা হয়ে যায়। কলামের এরূপ বক্র বিন্দু বা ইনফ্লেকশন বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দৈর্ঘ্যকে কার্যকরী দৈর্ঘ্য বলে। একে h' দ্বারা প্রকাশ করা হয়।

❖ ৫.৪ বলামের রিডাকশন ফ্যাক্টর বর্ণনা

- কোড অনুসারে বর্তমানে লং কলাম বা শর্ট কলাম বিবেচনায় আনা হয় না। দৈর্ঘ্য নির্বিশেষে সমস্ত কলামের ক্ষেত্রেই নিরাপদ ও অনুমোদনযোগ্য লোড বহন ক্ষমতা নির্ণয়ের জন্য দৈর্ঘ্য বিবেচনা ব্যতিরেকে কলাম সেকশনে অনুমোদিত অক্ষীয় লোড বহন ক্ষমতাকে একটি ফ্যাক্টর দ্বারা গুণ করা হয়। আর ডিজাইন লোড নির্ণয়ের ক্ষেত্রে অক্ষীয় লোডকে ফ্যাক্টর দ্বারা ভাগ করা হয়। এই ফ্যাক্টরকে রিডাকশন ফ্যাক্টর বলে। একে R দ্বারা প্রকাশ করা হয়।

❖ ৫.৫ কলামের টাই রড এবং স্পাইরালের ব্যবধান

- টাই রডের ব্যবধান নির্ণয়

  (ক) ১৬ প্রধান রডের ব্যস এর বেশি হবে না।

(খ) ৪৮ টাই রডের ব্যস এর বেশি হবে না।

(গ) কলামের নূন্যতম পার্শ্বমাপ এর বেশি হবে না।

➢ স্পাইরাল রডের ব্যবধান বা পিচ দূরত্ব নির্ণয়

(ক) কোর ব্যসের অধিক নয়।

(খ) মুক্ত ব্যবধান ৭.৫ সেমি এর অীদখ নয় এবং ৩.৫ সেমি. কম নয়।

(গ) ১.৫ সর্ব্বোচ্চ পরিমাপের খোয়ার ব্যাসের কম নয়।

❖ ৫.৫.১ কলামে টাই রডে বিন্যাস

➢ কলামে টাই বা স্পাইরালকে সঠিকভাবে ব্যবহারের উপর কলামের শক্তি অনেকাংশে নির্ভরশীল। কারণ সঠিকভাবে টাই ব্যবহার না করলে প্রধান রডকে সঠিক স্থানে রাখা সম্ভব নয়। ফলে বাঁকানোর কারণে কলাম ব্যর্থ হতে পারে। এছাড়াও টাই এর ব্যবধান সঠিক না হলে হুক টেনশনের সৃষ্টি হতে পারে।

❖ ৫.৬ টেবিলের সাহায্যে কলামের নিরাপদ লোড নির্ণয়

Diamond Plate Uniform (U) and Concentrated (C) Load Table - Deflection in Inches

Span (In)	Depth (In)		Load = Uniform: lbs/sq. ft; Concentrated: lbs/ft. of width									Max Load Rec'd	Ultimate Capacity
			20 lbs.	40 lbs.	60 lbs.	80 lbs.	100 lbs.	120 lbs.	160 lbs.	200 lbs.	240 lbs.		
12"	1/4	U	--	.02	--	.05	--	.07	.09	.12	--	220	440
		C	.02	.04	.06	.08	.09	--	--	--	--	110	220
	3/8	U	--	.01	--	.01	--	.02	.03	.03	.04	580	1160
		C	.01	.01	.02	.02	.03	.03	--	--	--	290	580
	1/2	U	--	<.01	--	.01	--	.01	.01	.01	.02	660	1320
		C	<.01	.01	.01	.01	.01	.01	--	--	--	670	1340
	3/4	U	--	<.01	--	<.01	--	<.01	<.01	<.01	.01	2620	5240
		C	--	<.01	<.01	<.01	--	--	--	--	--	2270	4540
18"	1/4	U	--	.12	--	--	--	--	--	--	--	60	120
		C	.10	--	--	--	--	--	--	--	--	45	90
	3/8	U	--	.04	--	.07	--	.11	.14	.17	--	220	440
		C	.03	.06	.09	.11	.14	--	--	--	--	165	330
	1/2	U	--	.02	--	.03	--	.05	.06	.07	.09	500	1000
		C	.01	.02	.04	.05	.06	.07	--	--	--	375	750
	3/4	U	--	.01	--	.01	--	.01	.02	.02	.03	1680	3360
		C	<.01	.01	.01	.01	.02	.02	--	--	--	1260	2520
24"	3/8	U	--	.12	--	.23	--	--	--	--	--	80	160
		C	.09	.18	--	--	--	--	--	--	--	80	160
	1/2	U	--	.05	--	.10	--	.14	.19	.23	--	220	440
		C	.04	.08	.11	.15	.19	--	--	--	--	220	440
	3/4	U	--	.02	--	.03	--	.04	.06	.07	.08	720	1440
		C	.01	.02	.03	.05	.06	.07	--	--	--	720	1440
30"	3/8	U	--	.29	--	--	--	--	--	--	--	40	80
		C	.23	--	--	--	--	--	--	--	--	50	100
	1/2	U	--	.12	--	.24	--	--	--	--	--	100	200
		C	.10	.19	--	--	--	--	--	--	--	100	200
	3/4	U	--	.04	--	.07	--	.11	.14	.17	.20	360	720
		C	.03	.06	.08	.11	.14	.16	--	--	--	450	900
36"	1/2	U	--	.26	--	--	--	--	--	--	--	40	80
		C	.20	--	--	--	--	--	--	--	--	60	120
	3/4	U	--	.08	--	.15	--	.22	.29	.36	--	220	440
		C	.06	.12	.17	.23	.28	--	--	--	--	330	660
42"	3/4	U	--	.15	--	.28	--	.40	--	--	--	120	240
		C	.11	.21	.32	--	--	--	--	--	--	210	420
48"	3/4	U	--	.25	--	.47	--	--	--	--	--	80	160
		C	.19	.36	--	--	--	--	--	--	--	160	320
54"	3/4	U	--	.41	--	--	--	--	--	--	--	40	80
		C	.30	--	--	--	--	--	--	--	--	90	180
60"	3/4	U	--	.62	--	--	--	--	--	--	--	40	80

❖ ৫.৬.১ কলাম সমাধান কল্পে স্মরণযোগ্য বিষয়সমূহ

➢ (১) কলামের মুক্ত দৈর্ঘ্য পার্শ্বস্থ মাপ বা মাপের অনুপাত কার্যকরী দৈর্ঘ্য এবং রিডাকশন ফ্যাক্টর ইত্যাদি দেয়া না থাকলে শর্ঠ কলাম হিসেবে ডিজাইন করতে হবে।

(২) কলামের মুক্ত দৈর্ঘ্য এবং পার্শ্বস্থ মাপ বা প্রস্থচ্ছেদী আকার বা অনুপাত দেওয়া থাকলে লং ও শর্ট কলামের ভিত্তিতে কলাম ডিজাইন করতে হবে।

(৩) কলামের কার্যকরী দৈর্ঘ্য দেয়া থাকলে পর্যায়ক্রমে কলামের আপাত রিডাকশন ফ্যাক্টর ডিজাইন লোড, ভার্টিক্যাল বার এবং টাই বা স্পাইরাল স্পেসিং নির্ণয় করতে হবে।

➢ প্রতিটি কলাম ৩টি উপায়ে ডিজাইন করা যায়। যেমন :

(১) P_g -এর মান চাহিদা ধরে অর্থাৎ P_g -এর মান নির্দিষ্ট রেখে।

(২) A_g -এর চাহিদা ধরে অর্থাৎ নিধিষ্ট আকার ধরে।

(৩) A_st-এর মান চাহিদা অনুযায়ি ধরে অর্থাৎ নির্দিষ্ট ব্যাসের নির্দিষ্ট সংখ্যক রড ধরে।

তবে বেশিরভাগ সমাধান P_g -এর মান ধরে করা হয়।

❖ ৫.৭ আরসিসি টাইড কলাম ডিজাইন

➢ Design step of Tied column

❖ (Without Considering Reduction Factor)

Assuming size of column, = a cm x b cm.

∴ Gross area of column, A_g=axb = ⋯ cm^2

Given permissible axial load, P =…….kg.

We know, p = .85Ag (.25f′$c + fs\ pg$)

∴ pg=……0.01<0.08

∴Selected size of column=… cm x…cm

Area of vertical bar –As

A_s=Ag x Pg=……cm^2

Using…mmφ bar as vertical bar and supplied area=…...cm^2> (As)….cm^2

(Hence ok)

Tie spacing

Tie spacing [using 10 mm φ bar as tie]

a) Tie spacing S=16 x Ver. Bardia=……cm c/c

b) Tie spacing S=48 x tie dia=……..cm c/c

c) Tie spacing S=Least Lateral Dimension of column=……cm c/c.

Using 10 mmφ bar as Tie @ (Least value of a,b,c).....cm c/c

Design step of Tied column

(Considering Reduction Factor)

Assuming size of column, = a cm x b cm.

∴ Gross area of column,A_g=axb $= \cdots\ cm^2$

Effective Height of column, he= …….Cm

Radius of gyration r =……cm

Reduction Factor R= 1.07 - .008 x $\frac{he}{r} \leq 1$

Given permissible axial load, P =…….kg.

We know, P =R[.85Ag (.25f′$c + fs\ pg$)]

∴ pg=……>.01< .08

∴Selected size of column=… cm x…cm

Area of vertical bar –As

A_s=Ag x Pg=……cm^2

Using…mmφ bar as vertical bar and supplied area=….. .$c\ m^2$>As… .cm^2

Hence ok

Tie spacing[using 10 mm φ bar as tie]

a) Tie spacing S=16 x Ver.bardia=……cm c/c

b) Tie spacing S=48 x tie dia=……..cm c/c

c) Tie spacing S=Least Lateral Dimension of column=……cm c/c.

Using 10 mmφ bar as Tie @ (Least value of a, b, c).....cm c/c

❖ 5.8 Design a reinforced cement concrete spiral column.

Design step of spiral column

(Without Considering Reduction Factor)

Assuming size of column, D =…….cm.

∴ Gross area of column,A_s=$\frac{\pi}{4} \times D^2 = \cdots\ cm^2$

Given permissible axial load, P =…….kg.

We know, p = Ag (.25f′$c + fs\ pg$)

∴ pg=……0.01<0.08

∴Selected size of column,D=…….cm

Area of vertical bar –As

A_s=Ag x Pg=……cm^2

Using…mmφ bar as vertical bar and supplied area=….. .cm^2>As….cm^2

(Hence ok)

Pitch of spiral

Dia of column D=……..cm.

Assume concrete covering= 4 cm

∴ Dia of core concrete, D_c=(D-2x 4) cm

Area of core concrete, A_c=$\frac{\pi}{4} Dc^2 cm^2$

Spiral ratio,p_s=0.45($\frac{Ag}{Ac}-1$) $\frac{f'c}{f'y}$=…….

Volume of course concrete, for I cm ht. of column, v_c=Ac x 1=……..cm^3

Volume of spiral reinforcement for I cm ht. of column,v_s=v_cxp_s=…cm^3

Using 8 mm φ spiral for one round v_s =$\pi \times D_c$ X as cm^3

∴ Pitch=$\frac{V_s}{V_s}$=……cm c/c

<u>According to ACI code</u>

1) Pitch ≤ 1/6 x Dc

2) Pitch ≥ 1.5x max size of corse aggregates

3) Pitch ≥ 3.5 cm.

4)Pitch≤3.5 cm.

- <u>Design step of spiral column</u>

<u>(Considering Reduction Factor)</u>

Assuming size of column, D =…….cm.

∴ Gross area of column,A_s=$\frac{\pi}{4} \times D^2 = \cdots\ cm^2$

Effective Height of column, he= ……. Cm

Radius of gyration r =……cm

Reduction Factor R= 1.07 - .008 x $\frac{he}{r}$≤ 1

Given permissible axial load, P =…….kg.

We know, P =R [Ag (.25f′$c + fs\ pg$)]

∴ pg=……>0.01<0 .08

∴Selected size of column D= …….cm

<u>Area of vertical bar –As</u>

A_s=Ag x Pg=…….cm^2

Using…mmφ bar as vertical bar and supplied area=….. .cm^2>As… .cm^2

Hence ok

<u>Pitch of spiral</u>

Dia of column D=……..cm.

Assume concrete covering= 4 cm

∴ Dia of core concrete,D_c=(D-2x 4) cm

Area of core concrete,A_c=$\frac{\pi}{4} Dc^2 cm^2$

Spiral ratio, p_s=.45($\frac{Ag}{Ac}-1$) $\frac{f'c}{f'y}$=…….

Volume of course concrete, for I cm ht. of column,v_c=Acx 1=……..cm^3

Volume of spiral reinforcement for I cm ht. of column,v_s=v_cxp_s=….Cm^3

Using 8 mm φ spiral for one round v_s =$\pi \times D_c$ X as =…cm^3

∴ Pitch=$\frac{V_s}{V_s}$=……cm c/c

<u>According to ACI code</u>

1) Pitch ≤ 1/6 x Dc

2) Pitch ≥ 1.5x max size of corse aggregates

3) Pitch ≥ 3.5 cm.

4)Pitch≤3.5 cm.

অধ্যায় নং : ০৬

অধ্যায়ের নাম : আরসিসি ফুটিং ডিজাইনের নীতিসমূহ অনুধাবন

(Principles of Designing RCC Footing)

❖ ৬.০ আরসিসি ফুটিং ডিজাইনের নীতিসমূহ

➢ কাঠামোর যে ভূ-নিম্নস্থ অংশ সুপার স্ট্রাকচারের বেইজ হিসেবে কাজ করে এবং কাঠামোর নিজস্ব ওজন ও এর উপরস্থ অন্যান্য ওজনকে কাঠামোর নিম্নস্থ শক্ত মাটির স্তরে সঞ্চারিত করে তাকে ভিত্তি বা ফাউন্ডেশন বা সাব স্ট্রাকচার বলে।

➢ ভিত্তি বা ফাউন্ডেশনকে মূলত দুই ভাগে ভাগ করা যায় । যথা : (ক) গভীর ভিত্তি
(খ) অগভীর ভিত্তি

✓ গভীর ভিত্তি : যখন সুপার স্ট্রাকচারের সর্বনিম্ন অংশকে মাটির অনেক গভরে ফুটিং প্রদান করা হয় তখন তাকে গভীর ভিত্তি বলে। যেমন : পাইল ভিত্তি, পায়ার ভিত্তি, ওয়েল ভিত্তি, ক্যাশন ইত্যাদি

✓ অগভীর ভিত্তি : যখন সুপার স্ট্রাকচারের সর্বনিম্ন অংশকে মাটির অভ্যন্তরে স্বল্প গভীরতায় স্থাপন করা হয়, তখন তাকে অগভীর ভিত্তি বলে। অগভীর ভিত্তি মূলত ৩ প্রকার। যথা :
(ক) স্প্রেড ফুটিং
(খ) কম্বাইন্ড ফুটিং
(গ) ম্যাট বা র‍্যাফট ভিত্তি

❖ ৬.০.১ মাটির নিরাপদ ভারবহন ক্ষমতা

➢ সাব সয়েলের ব্যর্থতা ব্যতিরেকে প্রতি একক ক্ষেত্রের রোড বহন ক্ষমতাকে মাটির ভারবহন ক্ষমতা বলে। এর একক কেজি/বর্গ মিটার বা টন/বর্গফুট। মাটির কণার উপর এ ভারবহন ক্ষমতা নির্ভর করে।

❖ ৬.১ স্প্রেড ফুটিং এবং আরসিসি ওয়াল ফুটিং এর বেডের ভিত্তির প্রশস্থতা

➢ কাঠামোর সর্বনিম্ন তল যা মাটির সংস্পর্শে থাকে তাকে ভিত্তি বলে। এ অংশের প্রশস্থতাকে ভিত্তির প্রস্থ বলে। এ প্রস্থ নির্ণয় করতে ভিত্তি তলের কাঠামো থেকে আগত প্রতি মিটারে মোট লোড নির্ণয় করে তাকে মাটির ভারবহন ক্ষমতা দ্বারা ভাগ করা হয়।

ভিত্তির প্রশস্থতা, $L = \frac{W}{P}$

❖ ৬.২ ব্রিক ওয়াল ফুটিং এবং কংক্রিট ওয়াল ফুটিং এর মোমেন্ট, শিয়ার এবং বন্ডের জন্য ক্রিটিক্যাল সেকশন বর্ণনা

➢ কোড অনুসারে কংক্রিট দেওয়ালের জন্য মোমেন্ট ও বন্ডের ক্রিটিক্যাল সেকশন দেওয়ালের পৃষ্ঠ বরাবর বিবেচনা করা হয়। শিয়ারের জন্য ক্রিটিক্যাল সেকশন দেওয়ালের পার্শ্ব থেকে কার্যকরী গভীরতা d দূরত্বে ধরা হয়।

ইটের দেওয়াল ও ম্যাসনরী দেওয়ালের জন্য মোমেন্ট ও বন্ডের ক্রিটিক্যাল সেকশন দেওয়াল পৃষ্ঠ থেকে দেওয়াল পুরুত্ব a এর এক চতুর্থাংশ ভিতরে ধরা হয়।

❖ ৬.৩ ব্রিক ওয়ালের জন্য আরসিসি ফুটিং ডিজাইন

Concrete wall Footing	Brick wall footing	Independent Column footing

Step-1:Local calculation :W Consider 1 m length of footing ∴Super Imposed Load=P kg/m Self wt.of footing at 10% of S.I.L=0.1 p Total load, w=1.1 kg/m Consider 1m length of footing Assume super imposed load=p kg/m ∴ Self wt.of footing assuming 10% of p=0.1 p kg/m But given total load=W kg/m S.I.L(P)=$\frac{W}{1.1}$ ∴Self wt.of footing=(W-P) =..kg/m	**Step-1:Local calculation :W** Consider 1 m length of footing ∴Super Imposed Load=P kg/m Self wt.of footing at 10% of SIL=.1 p Total load, w=1.1 kg/m Consider 1m length of footing Assume super imposed load=p kg/m ∴ Self wt.of footing assuming 10% of p=.1 p kg/m But given total load=W kg/m S.I.L(P)=$\frac{W}{1.1}$ ∴Self wt.of footing=(W-P) =..kg/m	**Step-1:Local calculation :W** ConsiderI mlengt of footing ∴Super Imposed Load=P kg/m Self wt.of footing at 10% of SIL=.1 p Total load, w=1.1 kg/m Assume super imposed load=p kg/m ∴ Self wt.of footing assuming 10% of p=.1 p kg/m But given total load=W kg/m S.I.L(P)=$\frac{W}{1.1}$ ∴Self wt.of footing=(W-P) =..kg/m

Step-2: Area of footing A=$\frac{Total\ Load}{B.C\ of\ soil}$=$\frac{W}{B.C\ of\ soil}$ =……m^2 ∴ Width of footing L= $\frac{A}{1}$ =……m ∴ Projecttion, C = $\frac{L-a}{2}$ =……..m	**Step-2: Area of footing** A= $\frac{Total\ Load}{B.C\ of\ soil}$ = $\frac{W}{B.C\ of\ soil}$ =……m^2 ∴ Width of footing L= $\frac{A}{1}$ =……m ∴ Projecttion, C = $\frac{L-a}{2}$ =……..m Projection, $C+\frac{L}{4}=\cdots m$	**Step-2: Area of footing** A= $\frac{W}{B.C\ of\ soil}$=…m^2 L=$\sqrt{A}$ =……m C = $\frac{L-a}{2}$ =……..m
Step-3: Maximum B.M.M Net up ward pressure of soil, $\omega=\frac{S.L.L}{A}$=kg/m^2 P=$\frac{p}{A}$= kg/m^2 M=$\frac{\omega C^2}{2}$=….kg.cm	**Step-3: Maximum B.M.M** $\omega=\frac{S.L.L}{A}$=kg/m^2 M=$\frac{\omega}{2}\left(C+\frac{a}{4}\right)2$ =kg.cm	**Step-3: Maximum B.M.M** $\omega=\frac{S.L.L}{A}$=kg/m^2 M=$\frac{\omega LC^2}{2}$ =kg.cm

Step-4: Effective depth-d.	**Step-4: Effective depth-d.**	**Step-4: Effective depth-d**
1..w.r.t moment-d_m d_m=$\sqrt{\frac{M}{R}}$=……cm 2.w.r.t shear d_v d_v=$\frac{V}{Vcb}$=……cm. Here,V_v=$\left(c-\frac{dv}{100}\right)\omega$ $Vc=.292\sqrt{f'c}$ b=100cm Use 7.5cm effective covering	1..w.r.t moment-d_m d_m=$\sqrt{\frac{M}{R}}$=……cm 2.w.r.t shear d_v d_v=$\frac{V}{Vcb}$=……cm. Here,V_v=$\left(c-\frac{dv}{100}\right)\omega$ $Vc=.292\sqrt{f'c}$ b=100cm Use 7.5cm effective covering	1..w.r.t moment-d_m d_m=$\sqrt{\frac{M}{R}}$=……cm 2.w.r.t shear d_v d_v=$\frac{V}{Vcb}$=……cm. Here,V_v=$\left(c-\frac{dv}{100}\right)L\omega$ $Vc=.292\sqrt{f'c}$ b=100cm 3.w.r.t punching shear do d_o=$\frac{v_o}{b_o v_o}$=….cm Here, Vo=$\{L2-(a+do)2\}\omega$ Bo=4(a+do), v_o=.53$\sqrt{f'c}$ Use 7.5cm effective covering.

Concrete wall footing **Step-5: Area of Tensile steel-A** A_s=$\frac{M}{Fsjd}$=……cm^2 Using 20 mm φ bar ∴ a_s=3.14 cm^2 ∴Spacing S=$\frac{100a_s}{A_s}$=…cm c/c	**Concrete wall footing** **Step-5: Area of Tensile steel-A** A_s=$\frac{M}{Fsjd}$=……cm^2 Using 20 mm φ bar ∴ a_s=3.14 cm^2 ∴Spacing S=$\frac{100a_s}{A_s}$=…cm c/c	**Independent column** **Step-5: Area of Tensile steel-A** As =$\frac{M}{Fsjd}$=……cm^2 Using 18 mm φ bar ∴ a_s=2.54cm^2 No of bar in each side N=$\frac{A_s}{a_s}$= …Nos.
Step6: Check for bond stress-u U=$\frac{V_b}{\sum ojd}$=…..kg/cm^2 Here, $\sum o = \frac{100}{S} \times \pi \times \varphi$ V_b=Cωkg/cm^2	**Step6: Check for bond stress-u** U=$\frac{V_b}{\sum ojd}$=…..kg/cm^2 Here, $\sum o = \frac{100}{S} \times \pi \times \varphi$ V_b=(C+$\frac{a}{4}$)ωkg/cm^2	**Step6: Check for bond stress-u** U=$\frac{V_b}{\sum ojd}$=…..kg/cm^2 Here, $\sum o = N \times \pi \times \varphi$ V_b=C$L\omega$kg/cm^2

Step7: Area of distribution bar A_s=.0025bt=….cm^2 Here,b=100cm. t =total depth ∴Usining 12 mmφ bar a_s=1.13 cm^2 Spacing S=$\frac{100a_s}{A_s}$ =...cm c/c.	**Step7: Area of distribution bar** A_s=.0025bt=….cm^2 Here,b=100cm. t=total depth ∴Usining 12 mmφ bar a_s=1.13 cm^2 Spacing S=$\frac{100a_s}{A_s}$ =..cm c/c.	No Need
Step8: Check for self wt.of footing Self wt.of footing =1×D×L×2400=…kg<Assume wt. Hence ok	**Step8: Check for self wt.of footing** Self wt.of footing =1×D×L×2400 =…kg<Assume wt. Hence ok	**Step8: Check for self wt.of footing** Self wt.of footing =1×L×D×2400 =…kg<Assume wt. Hence ok
Step-9:Sketch	Step-9:Sketch	Step-9:Sketch

❖ ৬.৪ মোমেন্ট, শিয়ার ও বন্ডের কংক্রিট কলাম ফুটিং এর ক্রিটিক্যাল সেকশন বর্ণনা

➢ **Critical Section of Spread footing**

Brick wall footing	1) Area of footing, A=L×1m^2 2) M_{max}=$\frac{\omega}{2}\left(C+\frac{a}{4}\right)2$ = C=$\frac{L-a}{2}$ 3) V_v=$(C+d_v)$w 4) V_b=$\left(C+\frac{a}{4}\right)w$
Concrete wall Footing	1) Area of footing, A=L×1m^2 2) M_{max}=$\frac{wC^2}{2}$ ∗C=$\frac{L-a}{2}$ 3) V_v=$(C-d_v)$w 4) V_b= CW V_c=.292$\sqrt{f'c}$
Independent Column footing	1) Area of footing, A=L×L=L^2m^2 2) M_{max}=$\frac{wC^2}{2}$ ∗C=$\frac{L-a}{2}$ 3) $V_v=C-\frac{d_v}{100}Lw=\cdots kg$ V_c=.292$\sqrt{f'c}$ 4) V_b= CLW=…kg. $V_{o=\{L^2-(a+d_o)2\}}$w=…kg b_o=4$(a+d_o)$ V_o=.53$\sqrt{f'c}$





Concrete wall footing



Independent Column footing



- ৬.৫ স্বতন্ত্র আরসিসি বর্গ এবং আয়তাকার কলাম (ব্লকড) ফুটিং ডিজাইন
  - ৬.৩ নং দ্রষ্টব্য
- ৬.৬ স্বতন্ত্র আরসিসি বর্গ এবং আয়তাকার কলাম (স্লোপড) ফুটিং ডিজাইন
  - ৬.৩ নং দ্রষ্টব্য
- ৬.৭ যুক্ত ফুটিং ডিজাইন
  - ৬.৩ নং দ্রষ্টব্য

অধ্যায় নং : ০৭

অধ্যায়ের নাম : আরসিসি ক্যান্টিলিভার রিটেইনিং ওয়াল ডিজাইনের নীতিসমূহ

(Principles of Designing RCC Cantilever Retaining Wall)

❖ ৭.০ চিত্রসহ বিভিন্ন ধরনের রিটেইনিং ওয়াল

➢ যে ওয়াল নিজস্ব অবস্থান বজায় রেখে মাটি অথবা অন্য কোন পদার্থের পার্শ্বচাপ প্রতিরোধ করে তাকে রিটেইনিং ওয়াল বলে। রিটেইনিং ওয়ালের বেইজ স্ল্যাবের যে অংশটুকু ব্যাকফিলের দিকে থাকে তাকে হিল এবং যে অংশটুকু বাইরের দিকে থাকে তাকে টো বলে। রিটেইনিং ওয়াল তিন প্রকার। যথা :

(ক) গ্রাভিটি রিটেইনিং ওয়াল
(খ) ক্যান্টিলিবার রিটেইনিং ওয়াল
(গ) কাউন্টার ফোর্ট রিটেইনিং ওয়াল

✓ গ্রাভিটি রিটেইনিং ওয়াল : যে সমস্ত রিটেইনিং ওয়াল তাদের নিজস্ব ওজনের প্রভাবে এর উপর প্রযুক্ত পার্শ্বচাপ প্রতিহত করে তাদেরকে গ্রাভিটি রিটেইনিং ওয়াল বলে। গ্রাভিটি ওয়াল এমনভাবে ডিজাইন করা হয় যাতে ওয়ালটি এর নিজস্ব ওজন দ্বারাই ধারণকৃত মাটির পার্শ্বচাপকে সম্পূর্ণরূপে প্রতিরোধ করতে সক্ষম হয়।



✓ ক্যান্টিলিভার রিটেইনিং ওয়াল

এটা আরসিসি নির্মিত ওয়াল এর দুটি অংশ থাকে। প্রথম অংশটি উল্লম্ব আরসিসি স্ল্যাব থাকে যাকে স্টেম বলে। স্টেম মাটির পার্শ্বচাপকে প্রতিরোধ করে এবং মাটিকে যথাস্থানে ধরে রাখে। দ্বিতীয় অংশটি অনুভূমিক আরসিসি স্ল্যাব যাকে বেইজ স্ল্যাব বলে। বেইজ স্ল্যাব আবার টো ও হীল নিয়ে গঠিত।



✓ কাউন্টার ফোর্ট রিটেইনিং ওয়াল

এর গঠন প্রণালি ক্যান্টিলিবার ওয়ালের ন্যায়। ৬ মিটারের অধিক উচ্চতা সম্পন্ন ক্যান্টিলিভার ওয়ালের ক্ষেত্রে স্টেম (খাড়া ওয়াল)-এর বেন্ডিং মোমেন্ট হ্রাস করার জন্য ওয়ালের দৈর্ঘ্য বরাবর ওয়ালের উচ্চতার ১.৫ গুণ বা তার চেয়ে কিছু বেশি দূরত্ব পরপর কাউন্টার ফোর্ট (ত্রিভুজাকৃতির ক্রস ওয়াল) নির্মাণ করে কাউন্টার ফোর্ট ওয়াল তৈরী করা হয়।



❖ ৭.১ ক্যান্টিলিভার রিটেইনিং ওয়ালের বিভিন্ন উপাদানের বর্ণনা

➢ টো এবং হীল

রিটেইনিং ওয়ালের বেইজ স্ল্যাবের যে অংশটুকু ব্যাকফিলের দিকে থাকে তাকে হিল এবং যে অংশটুকু বাইরের দিকে থাকে তাকে টো বলে।

➢ স্টেম এবং বেইজ স্ল্যাব

এটা আরসিসি নির্মিত ওয়াল এর দুটি অংশ থাকে। প্রথম অংশটি উল্লম্ব আরসিসি স্ল্যাব যাকে স্টেম বলে। স্টেম মাটির পার্শ্বচাপকে প্রতিরোধ করে এবং মাটিকে যথাস্থানে ধরে রাখে। দ্বিতীয় অংশটি অনুভূমিক আরসিসি স্ল্যাব যাকে বেইজ স্ল্যাব বলে। বেইজ স্ল্যাব আবার টো এবং হিল নিয়ে গঠিত।

➢ ব্যাক ফিল

রিটেইনিং ওয়াল যে সকল পদার্থের পার্শ্বচাপ প্রতিরোধ করে তাকে ব্যাক ফিল বলে।

❖ ৭.২ ক্যান্টিলিভার নন-সারচার্জড রিটেইনিং ওয়ালের সাথে সম্পর্কিত মাটির চাপ নির্ণয়

➢ রিটেইনিং ওয়াল ডিজাইনকালে মাটির পার্শ্বচাপ নির্ণয় করা একান্ত প্রয়োজন। এ চাপ মাটির স্থিরতা কোণ ব্যাকফিলের উপাদানের গুণাগুণ এবং ওয়ালের উচ্চতার উপর। ক্যান্টিলিভার রিটেইনিং ওয়ালে দুই প্রকার চাপ পরিলক্ষিত হয়। যথা : (ক) মাটির প্রত্যক্ষ চাপ

(খ) মাটির পরোক্ষ চাপ

✓ মাটির প্রত্যক্ষ চাপ :

রিটেইনিং ওয়ালকে ব্যাকফিল বা ধারণকৃত মাটি থেকে হঠাৎ সরিয়ে ফেলা বা স্থানচ্যুত করা হয় তবে ব্যাকফিল বা ধারণকৃত মাটির যে অংশ গড়িয়ে পড়বে। রিটেইনিং ওয়ালের উপর উক্ত গড়িয়ে পড়া মাটির পার্শ্বচাপকে মাটির প্রত্যক্ষ চাপ বলে।

✓ মাটির পরোক্ষ চাপ :

যদি রিটেইনিং ওয়ালকে ব্যাকফিলের দিকে ঠেলে সরানো হয় তবে ব্যাকফিলের যে কীলক অংশটি ব্যাকফিলের দিকে উঠতে চেষ্টা করবে। ব্যাকফিলের উক্ত কীলক অংশ যে পরিমাণ পার্শ্বচাপ প্রদান করে তাকে মাটির পরোক্ষ চাপ বলে।

➢ অ্যাংগেল অব সারচার্জ :

সারচার্জ বহনকারী রিটেইনিং ওয়ালের সারচার্জ উপরিতল অনুভূমিক রেখার সাথে যে কোন উৎপন্ন করে তাকে অ্যাংগেল অব সারচার্জ বলে।

➢ অ্যাংগেল অব রিপোজ :

আগলা মাটিকে অনুভূমিক সমতল পৃষ্ঠে স্তূপীকৃত করে রাখলে এটা স্বাভাবিক গড়িয়ে গিয়ে নিজেই একটি স্থায়ী স্তূপ আকার ধারণ করে। অনুভূমিক তলের সাথে স্তূপ আকার মাটির পার্শ্বদেশ যে কোণ করে স্থিরতা লাভ করে তাকে অ্যাংগেল অব রিপোজ বলে।

❖ ৭.৩ লব্ধি বলের রিটেইনিং ওয়ালের এবং নন-সারচার্জড রিটেইনিং ওয়ালের মাটির চাপ নির্ণয়

➢ রিটেইনিং ওয়ালের নিজস্ব ওজন ও পার্শ্বদেশের লব্ধি বলের অবস্থান নির্ণয়ের জন্য নিম্নলিখিত ধাপ অনুসরণ করা হয়। যথা :

(১) মাটির পার্শ্বচাপ P নির্ণয়।

(২) মাটিসহ রিটেইনিং ওয়ালের মোট ওজন W নির্ণয়।

(৩) পার্শ্বচাপ P এর অবস্থান নির্ণয়।

(৪) বেইজ স্ল্যাবের যে কোন এক পার্শ্বের সাপেক্ষে ভরের মোমেন্ট নির্ণয়।

(৫) মোট মোমেন্টকে, মোট ওজন দ্বারা ভাগ করে ভরকেন্দ্র নির্ণয়।

(৬) ভরকেন্দ্র থেকে লব্ধি বলের দূরত্ব $x = \frac{Ph}{3W}$ নির্ণয়।

(৭) বিবেচিত মোমেন্ট বিন্দু থেকে লব্ধি বলের দূরত্ব $= X \pm x$ নির্ণয়।

❖ ৭.৪ ক্যান্টিলিবার রিটেইনিং ওয়ালের স্থায়ীত্বতার শর্তসমূহ ব্যাখ্যা

➢ নিম্নের শর্তসমূহ নিরীক্ষা করা হয়।

✓ উল্টানোর ফলে :

ব্যকফিল এবং সারচার্জজনিত পার্শ্বচাপ টো এর সাপেক্ষে রিটেইনিং ওয়ালকে উল্টাতে চায়। আবার ওয়ালের ওজন এবং হীল স্ল্যাবের উপরস্থ মাটির ওজন ওভারটার্নিং মোমেন্টকে প্রতিরোধ করে। তাই ওয়ালটি ওভারটার্নিং প্রবণতা মুক্ত হতে হলে টো এর সাপেক্ষে অনুভূমিক পার্শ্বচাপজনিত ওভারটার্নিং মোমেন্টের পরিমাণ টো এর সাপেক্ষে লোডজনিত প্রতিরোধ মোমেন্ট এর চেয়ে ছোট হতে হবে।

✓ বেইজ বরাবর অনুভূমিক ভাবে পিছলানোর ফলে :

রিটেইনিং ওয়ালের আপতিত অনুভূমিক পার্শ্বচাপ ওয়ালকে অনুভূমিক দিকে সরাতে চায়। কিন্তু ওয়ালের নিজস্ব ওজন এবং ভূমি তলের ঘর্ষণ সহগের প্রভাবে এ অনুভূমিক বলকে প্রতিহত করে। নিজস্ব ওজন এবং ঘর্ষণ সহগ গুণ করলে প্রতিরোধ বলের সৃষ্টি হয়। এ প্রতিরোধী বল ও স্লাইডিং বলের ভাগফলকে নিরাপদ সহগ বলে। যদি এ ক্ষেত্রে নিরাপদ সহগের মান ১.৫ বা তার বেশি হয়, তবে নিরাপদ বিবেচনা করা হয়।

✓ অসম বসন :

রিটেইনিং ওয়ালের পাদদেশের যে কোন স্থানে সর্ব্বোচ্চ চাপ মাটির ভারবহন ক্ষমতার চেয়ে বেশি হতে পারবে না। রিটেইনিং ওয়ালের উপর মাটির পার্শ্বচাপ ও ওয়ালের নিজস্ব ওজনের জন্য ভিত্তি তলে উৎপন্ন পীড়নের পরিমাণ বেশি হলে, ওয়াল ধীরে বসে যাবে। এতে ওয়ালের অসম বসনের কারণে ফাটলের সৃষ্টি হয়ে ফেল হতে পারে।

❖ ৭.৫ বিকেন্দ্রীকতার অবস্থাভেদে ভিত্তি তলার সর্ব্বোচ্চ ও সর্বনিম্ন চাপ নির্ণয়

➢ মধ্য তৃতীয়াংশ সূত্র :

রিটেইনিং ওয়ালের প্রস্থচ্ছেদ এমন হওয়া উচিত যাতে ব্যাকফিলে পার্শ্বচাপ P এবং ওয়ালের ওজন W এবং লব্ধি বল R ওয়াল বেইজের সেন্টার লাইনে ছেদ করে। ওয়ালের তলদেশের প্রস্থকে সমান তিন অংশে বিভক্ত করলে দুই পার্শ্বে দুটি বহিঃস্থ তৃতীয়াংশ এবং মধ্যস্থানের একটি মধ্য তৃতীয়াংশ পাওয়া যাবে। লব্ধি বল ওয়াল বেইজের মধ্য তৃতীয়াংশ দিয়ে অতিক্রম করলে টো প্রেসার গ্রহণযোগ্য পর্যায়ে হ্রাস পাবে। ওয়ালের অসম বসন দূরীভূত হবে, হিলে টেনশন উৎপন্ন হবে না এবং ওয়ালটি উল্টিয়ে পড়বে না। একে মধ্য তৃতীয়াংশ সূত্র বলে।

❖ ৭.৬ আরসিসি ক্যান্টিলিভার নন-সারচার্জড রিটেইনিং ওয়াল ডিজাইন

➢ Design of Retaining wall

Various dimension of R.W

Assume top thickness of stem=……cm

Bottom thickness of stem=$\frac{h}{10}$=…..cm

Width of base,b=.65 xh=…….cm

Thickness of base=$\frac{h}{10}$=……cm

Length of projection=$\frac{1}{3} \times b = \cdots cm$

Stability

Consider 1 m strip

Earth pressure,P=$\frac{\omega(h+h')}{2} \times \cos\alpha \times \frac{\cos\propto-\sqrt{\cos^2\propto-\cos^2\varphi}}{\cos\propto+\sqrt{\cos^2\propto-\cos^2\varphi}}$=…kgm

Horizontal earthp_u=.= P× cos α=….kg/m

Vertical earth pressure,p_v = P× Sin α=….kg/m

Overturning moment,M_o=p_u × $\frac{h+h'}{3}$=…..kg-m

Taking moment about toe(A)

W=…….kg. M_R=…….kg-m.

Distance of C.G from toe X=$\frac{MR}{W}$=……M

Distance of(R) from(W),Y=$\frac{PH(h+h)'}{3W}$=……m.

Distance of(R) from toe,x=X-Y=…..m

Distance of base center from toe=$\frac{b}{2}$=….m.

∴Ecetricity,c=($\frac{b}{2}$)-x=……..m

Check for overtuning moment

F.S=$\frac{M_R}{M_o}$…….>2

Check for sliding

F.S=$\frac{\mu W}{Ph}$=…….>1.5

Check for undue settlement

F_{max}(toe)=$\frac{W}{b}$(1+$\frac{6e}{b}$)=…….kg/m^2<B.C of soil.

Stem design

Step-1:Load Calculation

Here,H=…….m

Consider 1 m.

P=$\frac{\omega H^2}{2}$×cos α×$\frac{\cos\propto-\sqrt{\cos^2\propto-\cos^2\varphi}}{\cos\propto+\sqrt{\cos^2\propto-\cos^2\varphi}}$=…kg/m

P_u=P×cos α=….kg/m

Step-2: Max^{m}V.shear-v

V=P_u=……kg

Step-3: Max^m B.M-M

M=P_u × $\frac{H}{3}$=…..kg/m

Step-4:Effective depth-d

d=$\sqrt{\frac{M}{Rb}}$=…….cm k = $\frac{n}{n+\frac{fs}{fc}}$ =….

J=1-k/3=…….

R=$\frac{1}{2}fcjk$=…… b= 100 cm.

Using22mm φ bar and 8cm clear cover.

∴ Total depth=d+(2.2/2)+8=……cm<t_{assume}

Acceptable total depth, d= t_{assume}cm

∴ Actual effective depth,d=…….cm

Step-5:Area of tensile steel-As

A_s=$\frac{M}{Fsjd}$=……cm^2

Using 22 mm φ bar,a_s=3.8 cm^2

∴ Spacing, S=$\frac{100\ x\ a_s}{A_s}$=…cmc/c.

Step-6:Area of tensile stress-v

v=$\frac{V}{bd}$=……..kg/cm^2<VcVc=0.292$\sqrt{f'c}$

(Hence ok)

Step-7:Check for bond stress-u

u=$\frac{V}{\sum ojd}$=……..kg/cm^2<u_{all} $\sum o$=N$\pi\varphi$=$\frac{100}{S}$ x π x φ=….cm

u_{all}=$\frac{3.23\sqrt{f'c}}{\varphi}$…….kg/$cm^2$

Step-8:Area of distribution bar-A´s

A´s=15% b x t=…cm^2

Using 12 mm φ bar,a_s=1.13cm^2…….

Spacing,S=$\frac{100\ x\ a_s}{A_s}$=……cm c/c

অধ্যায় নং : ০৮

অধ্যায়ের নাম : প্রি-স্ট্রেসড কংক্রিটের ধারণা

(Concept of Pre-Stressed Concrete)

❖ ৮.১: প্রি-স্ট্রেসড কংক্রিটের ধারণা

➢ যে কংক্রিটে এমন পরিমাণ ও বিস্তৃতির অভ্যন্তরীণ স্ট্রেস প্রবর্তন করা হয় যে, এটা বাইরের লোড হতে উদ্ভূত স্ট্রেস ঈস্পিত মাত্রায় প্রশমিত করে, তাকে প্রি-স্ট্রেসড কংক্রিট বলে।

❖ ৮.২: আরসিসি ও প্রি-স্ট্রেসড কংক্রিটের সুবিধা ও সীমাবদ্ধতা

➢ প্রি-স্ট্রেসড কংক্রিটের সুবিধা

(ক) উচ্চ শক্তিসম্পন্ন কংক্রিট এবং স্টিল ব্যবহার করা হয় বলে মেম্বারের প্রস্থচ্ছেদী আকার ছোট হয়, ফলে খরচও কম হয়।

(খ) আকার ছোট থাকায় মেম্বারের নিজস্ব ওজন হ্রাস পায়। ফলে বহুতল বিশিষ্ট ভবন নির্মাণে সুবিধা হয়।

(গ) উচ্চ শক্তিসম্পন্ন স্টিল এবং কংক্রিট ব্যবহার করা হয় বলে দীর্ঘ স্প্যান বিশিষ্ট কাঠামোর ক্ষেত্রে প্রি-স্ট্রেসড কংক্রিট ব্যবহার সুবিধা।

(ঘ) কাঠামোতে পূর্বে চাপ প্রয়োগ থাকে বিধায় ডায়াগোনাল টেনশন কমে যায়।

(ঙ) আকার কম থাকে বলে কাঠামো সুন্দর দেখায়।

(চ) বাঁকা টেনডন ব্যবহার করে প্রি-স্ট্রেসড মেম্বারের শিয়ার প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করা যায়।

(ছ) ছোট সেকশন বিশিষ্ট মেম্বারগুলো হালকা বলে সহজেই বহন করা যায়।

➢ প্রি-স্ট্রেসড কংক্রিটের সীমাবদ্ধতা

(ক) উচ্চ শক্তিসম্পন্ন কংক্রিট এবং স্টিল ব্যবহৃত হয়, যা সহজলভ্য নয়।

(খ) দক্ষ শ্রমিকের প্রয়োজন হয়।

(গ) টেনডনকে টানা এবং অ্যাংকরেজ করার ডিভাইস ইত্যাদি বিশেষ ধরণের যন্ত্রপাতির প্রয়োজন হয়, যা সহজপ্রাপ্য নয়।

(ঘ) অনেক বেশি কারিগরি জ্ঞান থাকা এবং উত্তম পরিদর্শনের প্রয়োজন ।

❖ ৮.৩: প্রি-স্ট্রেসড কংক্রিটে ব্যবহৃত কংক্রিটের গুণাগুণ

➢ উচ্চচাপ শক্তি সম্পন্ন সাধারণ কংক্রিটকে প্রি-স্ট্রেসড কংক্রিট হিসাবে ব্যবহার করা হয়। এ উচ্চ চাপশক্তি সম্পন্ন কংক্রিট নিম্নলিখিত কারণে ব্যবহৃত হয়।



(ক) উচ্চশক্তি সম্পন্ন কংক্রিটের মডুলাস অব ইলাস্টিসিটি এর মান বেশি। এর ফলে প্রি-স্ট্রেসড জনিত কারণে প্রাথমিক স্থিতিস্থাপক বিকৃতি এবং ক্রিপ বিকৃতি কমে যায়। যার ফলে প্রিস্ট্রেস অপচয় কমে যায়।

(খ) পোস্ট টেনশন পদ্ধতিতে, বিমের শেষ প্রান্তে বহনযোগ্য পীড়ন প্রতিরোধকল্পে উচ্চ শক্তিসম্পন্ন

কংক্রিট প্রয়োজন।

(গ) প্রি-টেনশন পদ্ধতিতে উচ্চ শক্তিসম্পন্ন কংক্রিট ব্যবহারে উচ্চ বন্ড পীড়নের সৃষ্টি করে।

(ঘ) প্রি-স্ট্রেসড কংক্রিটের অধিকাংশই পূর্বে ঢালাইকৃত বলে এর গুণাগুণ সহজে নিয়ন্ত্রণ করা যায়।

এজন্য অধিক শক্তিসম্পন্ন কংক্রিটের প্রয়োজন।

❖ ৮.৪: প্রি-স্ট্রেসড কংক্রিটে ব্যবহৃত স্টিল স্ট্রান্ড

➢ আরসিসি তে ব্যবহৃত প্রচলিত রিইনফোর্সমেন্ট প্রি-স্ট্রেসড কংক্রিটে ব্যবহার করলে প্রয়োগকৃত বল সম্পূর্ণরূপে অপসারিত হয়। অর্থাৎ যে পরিমাণ প্রিস্ট্রেসিং করা সম্ভব তা কংক্রিটের সংকোচন ও ক্রিপের ফলে সমন্বয় হয়ে যায়। এ কারণে প্রি-স্ট্রেসড কংক্রিটে বিশেষ ধরণের উচ্চ শক্তির ঈল্ড বিন্দু এবং কার্যকরী পীড়নবিশিষ্ট স্টিল ব্যবহার করা হয়। একে স্টিল স্ট্রান্ড বলে।

➢ সাধারণত তিন ধরনের প্রি-স্ট্রেসিং স্টিল ব্যবহৃত হয়। যথা :

(১) রাউন্ড ওয়্যার বা প্রি-স্ট্রেসিং ওয়্যার
(২) স্ট্রান্ডেড ক্যাবল বা ওয়্যার স্ট্রান্ড
(৩) হাই-স্ট্রেংথ অ্যালয় স্টিল বার

❖ ৮.৫: পূর্বে টান প্রয়োগ করে প্রি-স্ট্রেসিং পদ্ধতি ও পরবর্তী টান প্রয়োগ করে প্রি-স্ট্রেসিং পদ্ধতি

➢ পূর্বে টান প্রয়োগ করে প্রি-স্ট্রেসিং পদ্ধতি

✓ যে আকারের মেম্বার তৈরী করতে হবে সে আকারে কংক্রিট ঢালাই করার পূর্বে ঢালাইকৃত স্প্যানের দুই পাশে দুইটি অধিক শক্তি বহন অ্যাবাটমেন্ট থেকে রডে টান প্রয়োগ করে কংক্রিট ঢালাই করা হয়। এই পদ্ধতিকে পূর্বে টান পদ্ধতি বলে।

➢ পরবর্তী টান প্রয়োগ করে প্রি-স্ট্রেসিং পদ্ধতি

✓ কংক্রিট ঢালাইয়ের পর যখন প্রয়োজনীয় শক্তি অর্জন করে তখন বিমের শক্ত দুই প্রান্তে জ্যাকের মাধ্যমে রডে বা টেন্ডনে টান প্রয়োগ করা হয় একে পোস্ট টেনশনিং বা পরবর্তী টান প্রয়োগ পদ্ধতি বলে।

❖ টেনডন

➢ ৫ থেকে ৭ মি.মি. ব্যাসের হাই-কার্বন স্টিলের একাধিক প্রি-স্ট্রেসিং ওয়্যারকে পেঁচিয়ে যে উচ্চ শক্তিসম্পন্ন স্টিল তৈরী করা তাকে টেনডন বলে।

❖ ৮.৫: বাংলাদেশে প্রি-স্ট্রেসড কংক্রিটের ব্যবহার

➢ প্রি-স্ট্রেসড কংক্রিটের ব্যবহার বর্তমানে উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে। প্রতিটি কাঠামোর যেখানে প্রি-স্ট্রেসড কংক্রিট ব্যবহার সম্ভব সেখানে এর ব্যবহার চলছে। এ ছাড়াও উচ্চ শক্তিসম্পন্ন স্টিল ও কংক্রিট সহজ লভ্য নয়, বিধায় প্রি-স্ট্রেসড কংক্রিটের ব্যবহারে সীমাবদ্ধতা আছে। বিদেশি দাতা দেশের সাথে যৌথভাবে নির্মিত সেতুতে প্রি-স্ট্রেসড কংক্রিট ব্যবহার করছে। বর্তমানে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ইলেকট্রিক পোস্ট তৈরীতে এ পদ্ধতি অনুসরণ করে। বাংলাদেশ রেলওয়ে এ পদ্ধতিতে স্লিপার তৈরী করছে।



অধ্যায় নং : ০৯

অধ্যায়ের নাম : বিবিধ আরসিসি কাঠামোর নমুনা চিত্র
(Understand the Typical Drawing of RCC Structure)

❖ নিচের কাঠামোগুলোর রিইনফোর্সমেন্ট প্রতিস্থাপন ব্যাখ্যা

➢ (ক) ম্যাট ফাউন্ডেশন

কোন কাঠামোর নিম্নাংশের সমস্ত এলাকা জুড়ে ধারাবাহিকভাবে নির্মিত আরসিসি স্ল্যাবকে ম্যাট ফাউন্ডেশন বলে।



➢ (খ) কম্বাইন্ড ফুটিং এবং ক্যান্টিলিভার ফুটিং

✓ যখন দুটি কলাম খুব কাছাকছি হয় এবং একটি ফুটিং অন্যটিকে ওভারল্যাপ করে অথবা মাটির ভারবহন ক্ষমতা কম হলে অর্থাৎ স্বতন্ত্র কলাম ফুটিং এর জন্য বেশি জায়গার প্রয়োজন হলে, সে সকল ক্ষেত্রে দুটি কলামকে সাপোর্ট প্রদান করার জন্য কম্বাইন্ড ফুটিং ব্যবহার করা হয়।

✓ দুই বা ততোধিক স্বতন্ত্র কলামের ফুটিংগুলোকে বিমদ্বারা সংযুক্ত করে একটি ফুটিং-এ অন্তর্ভূক্ত করলে তাকে ক্যান্টিলিভার ফুটিং বলে।





➢ (গ) পাইল ক্যাপসহ পাইল

যেখানে মাটির ভারবহন ক্ষমতা কম সেখানে পাইলের মাধ্যমে প্রয়োজনীয় ভারবহন ক্ষমতা সম্পন্ন মাটির শক্ত স্তরে কাঠামোর লোড স্থানান্তর করা হয়। পাইল ও মূল বুনিয়াদের সংযোগ স্থলে যে কাঠামো নির্মাণ করা হয় তাকে পাইল ক্যাপ বলে।



➢ (ঘ) বেজমেন্ট ফ্লোর

গ্রাউন্ড ফ্লোরের নিচে যে ফ্লোর নির্মাণ করা হয় তাকে বেজমেন্ট ফ্লোর বলে।



➢ (ঙ) কলাম এবং বিম সংযোগ

বিমের লোড কলামের মাধ্যমে ভিত্তিতে স্থানান্তর করার জন্য কলাম এবং বিমকে সংযুক্ত করা হয়।



➢ (চ) টি-বিম ব্রিজের ডেক স্ল্যাব

রিইনফোর্স কংক্রিট ব্রিজের দৈর্ঘ্য ৩০ মিটার পর্যন্ত হলে টি-বীম গার্ডার টাইপ ব্রিজ নির্মাণ করা হয়।



➢ (ছ) কাউন্টার ফোর্ট রিটেইনিং ওয়াল

যে রেটেইনিং ওয়ালে স্টিম ও বেইজের সাথে কাউন্টার ফোর্ট নির্মাণ করে যে রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয় তাকে কাউন্টার ফোর্ট রিটেইনিং ওয়াল বলে।



➢ (জ) ফ্ল্যাট স্ল্যাব

বিম ও গার্ডার বিহীন স্ল্যাবকে ফ্ল্যাট স্ল্যাব বলে।



➢ (ঝ) ফ্ল্যাট প্লেট স্ল্যাব

যে সকল ফ্ল্যাট স্ল্যাবে কলাম ক্যাপিটাল থাকে না তাকে ফ্ল্যাট প্লেট স্ল্যাব বলে।



➢ (ঞ) র‍্যাম্প

ধাপ বিহীন ঢালু সিঁড়িকে র‍্যাম্প বলে।



➢ (ট) হেলিক্যাল স্টেয়ার স্ল্যাব



➢ (ঠ) আয়তাকার আন্ডারগ্রাউন্ড পানি সঞ্চায়াগার



➢ (ড) ফ্রেমড স্ট্রাকচার

সারিবদ্ধ কলাম, পিলার বা স্টেশনকে ফ্লোর এবং ছাদ সমতলে বিম দ্বারা দৃঢ়ভাবে আটকানো কাঠামোকে ফ্রেমড স্ট্রাকচার বলে।



➢ (ঢ) টু-স্প্যান বক্স কালভার্ট



বিষয়ঃ- ডিজাইন অব স্ট্রাকচার-২

বিষয় কোড-৬৪৭৪

৭ম পর্ব সিভিল (ব্যবহারিক)

জব নং-০১

জব সম্পাদনের তারিখ-

জবের নাম-

সাধারন ভাবে স্থাপিত একটি ওয়ানওয়ে স্লাবের রিইনফোর্সমেন্টের মডেল প্রস্তুত করণ ।
(ড্রইং অনুযায়ী)

ডিজাইন স্পেসিফিকেশনস

মডেলকৃত ছাদের আকার= ২মি X ১মি

ছাদের পূরুত্ব = ৪.৫"= ১২ সেমি.

প্রধান রড = ১২ মিমি Ø @ ১৫ সেমি পর পর

তাপীয় রড = ১০ মিমি Ø @ ২০ সেমি পর পর

প্রয়োজনীয় যন্ত্রপাতি ও মালামাল-

১.রড কাটিং মেশিন-১টি

২.হ্যামার -১টি

৩.শাবল রড -১টি

৪.হুক তৈরি করার জন্য ফ্রেম-১টি

৫.নির্ধারিত ব্যসের প্রয়োজনীয় রড

৬.জি আই তার প্রয়োজনমত

৭.সাটারিং

৮.২ সেমি আকারের কংক্রিট ব্লক

প্রয়োজনীয় চিত্র



কাজের ধারা

১. প্যানেল মাপানুযায়ী ডিজাইন পদ্ধতি অনুসারে ডিজাইনটি সম্পূর্ণ করি।
২. ডিজাইনে প্রাপ্ত তথ্যাদি হইতে প্রধান রড এবং তাপীয় রড বাছাই/সংগ্রহ করি।
৩. ডিজাইন অনুযায়ী স্লাবে রডের অবস্থান প্রদর্শন পূর্বক একটি পরিচ্ছন্ন ড্রইং অংকন করি।
৪. ড্রইং হইতে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করে প্রধান রড (স্ট্রেইট, ক্রাংক) এবং তাপীয় রডের প্রয়োজনীয় দৈর্ঘ্য এবং সংখ্যা নির্ণয় করি।

ক) প্রধান রডের দৈর্ঘ্য

স্ট্রেইট বারের দৈর্ঘ্য = মুক্ত শর্ট স্প্যান দৈর্ঘ্য+2x1/2সাপোর্টের পুরুত্ব+ 2x10Ø(হুকের জন্য)

ক্রাংক বারের দৈর্ঘ্য = মুক্ত শর্ট স্প্যান দৈর্ঘ্য+ 2x1/2সাপোর্টের পুরুত্ব+ 2x10Ø(হুকের জন্য)+ 2x0.5Øএক্সট্রা টপ বারের দৈর্ঘ্য = সাপোর্টের পুরুত /২+L/4+ 2x10Ø

প্রধান রডের সংখ্যা

প্রধান রডের সংখ্যা = মুক্ত লং স্প্যান দৈঘ্য(সেমি)/স্পেসিং+১ = N

স্ট্রেইট বারের সংখ্যা = N/২+ ১ = $N_১$

ক্রাংক বারের সংখ্যা = $N_১$-১=$N_২$

এক্সট্রা টপ বারের সংখ্যা = (স্ট্রেইট বারের সংখ্যা)$N_১$

খ) তাপীয় রডের দৈর্ঘ্য

দৈর্ঘ্য =মুক্ত শর্ট স্প্যান দৈঘ্য(সেমি)/স্পেসিং+১ = N

তাপীয় রডের সংখ্যা

সংখ্যা =মুক্ত শর্ট স্প্যান দৈঘ্য(সেমি)/স্পেসিং+১ = N

৫. উপরোক্ত হিসাব অনুযায়ী প্রাপ্ত দৈর্ঘ্যের নির্দিষ্ট সংখ্যক রড কেটে নিই। রড গুলি হ্যামারে সাহায্যে সমতল জায়গায় রেখে সোজা করে নিই।
৬. সংযুক্ত চিত্রানুযায়ী প্রধান স্ট্রেইট, ক্রাংকবার, এক্সট্রা টপ এবংতাপীয় রডে প্রয়োজনীয় হুক এবং ক্রাংক প্রয়োগ করি।
৭. কাঠ বা স্টীল দিয়ে প্রয়োজনীয় মাপের সাটারিং প্রস্তুত করি।
৮. প্রধান রডের স্পেসিং অনুযায়ী স্ট্রেইট, ক্রাংকবার নির্ধারিত দুরত্বে সাটারিং এর উপর স্থাপন করি।
৯. তাপীয় রডগুলি নির্দিষ্ট স্পেসিং অনুযায়ী উক্ত প্রধান রডের উপর আড়াআড়ি ভাবে স্থাপন করি।

১০.জি আই তার দিয়ে নিয়মানুযায়ী রড গুলি বেঁধে ফেলি।

১১. কভারিং এর জন্য ২সেমি আকারের কংক্রিট ব্লক ব্যবহার করি।

মন্তব্যঃ

বিষয়ঃ- ডিজাইন অব স্ট্রাকচার-২

বিষয় কোড-৬৪৭৪

৭ম পর্ব সিভিল (ব্যবহারিক)

জব নং-০২

জব সম্পাদনের তারিখ-

জবের নাম-

একটি ক্যান্টিলিভার ওয়ানওয়ে স্লাবের রিইনফোর্সমেন্টের মডেল প্রস্তুত করণ ।
(ড্রইং অনুযায়ী)

ডিজাইন স্পেসিফিকেশনস

মডেলকৃত ছাদের আকার= ২মি X ১মি

ছাদের পূরুত্ব = ৪.৫"= ১২ সেমি.

প্রধান রড = ১২ মিমি Ø @ ১৫ সেমি পর পর

তাপীয় রড = ১০ মিমি Ø @ ২০ সেমি পর পর

প্রয়োজনীয় যন্ত্রপাতি ও মালামাল-

১.রড কাটিং মেশিন-১টি

২.হ্যামার -১টি

৩.শাবল রড -১টি

৪.হুক তৈরি করার জন্য ফ্রেম-১টি

৫.নির্ধারিত ব্যসের প্রয়োজনীয় রড

৬.জি আই তার প্রয়োজনমত

৭.সাটারিং

৮.২ সেমি আকারের কংক্রিট ব্লক

প্রয়োজনীয় চিত্র



কাজের ধারা

১. প্যানেল মাপানুযায়ী ডিজাইন পদ্ধতি অনুসারে ডিজাইনটি সম্পূর্ণ করি।
২. ডিজাইনে প্রাপ্ত তথ্যাদি হইতে প্রধান রড এবং তাপীয় রড বাছাই/সংগ্রহ করি।
৩. ডিজাইন অনুযায়ী স্লাবে রডের অবস্থান প্রদর্শন পূর্বক একটি পরিচ্ছন্ন ড্রইং অংকন করি।
৪. ড্রইং হইতে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করে প্রধান রড (স্ট্রেইট, ক্রাংক) এবং তাপীয় রডের প্রয়োজনীয় দৈর্ঘ্য এবং সংখ্যা নির্ণয় করি।

ক) প্রধান রডের দৈর্ঘ্য

স্ট্রেইট বারের দৈর্ঘ্য = মুক্ত শর্ট স্প্যান দৈর্ঘ্য+2x1/2সাপোর্টের পুরুত্ব+ 2x10Ø(হুকের জন্য)

ক্রাংক বারের দৈর্ঘ্য = মুক্ত শর্ট স্প্যান দৈর্ঘ্য+ 2x1/2সাপোর্টের পুরুত্ব+ 2x10Ø(হুকের জন্য)+ 2x0.5Ø

এক্সট্রা টপ বারের দৈর্ঘ্য = সাপোর্টের পুরুত /২+L/4+ 2x10Ø

প্রধান রডের সংখ্যা

প্রধান রডের সংখ্যা = মুক্ত লং স্প্যান দৈঘ্য(সেমি)/স্পেসিং+১ = N

স্ট্রেইট বারের সংখ্যা = N/২+ ১ = $N_১$

ক্রাংক বারের সংখ্যা = $N_১$-১=$N_২$

এক্সট্রা টপ বারের সংখ্যা = (স্ট্রেইট বারের সংখ্যা)$N_১$

খ) তাপীয় রডের দৈর্ঘ্য

দৈর্ঘ্য =মুক্ত শর্ট স্প্যান দৈঘ্য(সেমি)/স্পেসিং+১ = N

তাপীয় রডের সংখ্যা

সংখ্যা =মুক্ত শর্ট স্প্যান দৈঘ্য(সেমি)/স্পেসিং+১ = N

৫. উপরোক্ত হিসাব অনুযায়ী প্রাপ্ত দৈর্ঘ্যের নির্দিষ্ট সংখ্যক রড কেটে নিই। রড গুলি হ্যামারে সাহায্যে সমতল জায়গায় রেখে সোজা করে নিই।
৬. সংযুক্ত চিত্রানুযায়ী প্রধান স্ট্রেইট, ক্রাংকবার, এক্সট্রা টপ এবংতাপীয় রডে প্রয়োজনীয় হুক এবং ক্রাংক প্রয়োগ করি।
৭. কাঠ বা স্টীল দিয়ে প্রয়োজনীয় মাপের সাটারিং প্রস্তুত করি।
৮. প্রধান রডের স্পেসিং অনুযায়ী স্ট্রেইট, ক্রাংকবার নির্ধারিত দুরত্বে সাটারিং এর উপর স্থাপন করি।
৯. তাপীয় রডগুলি নির্দিষ্ট স্পেসিং অনুযায়ী উক্ত প্রধান রডের উপর আড়াআড়ি ভাবে স্থাপন করি।
১০.জি আই তার দিয়ে নিয়মানুযায়ী রড গুলি বেঁধে ফেলি।
১১. কভারিং এর জন্য ২সেমি আকারের কংক্রিট ব্লক ব্যবহার করি।

মন্তব্যঃ

বিষয়ঃ- ডিজাইন অব স্ট্রাকচার-২

বিষয় কোড-৬৪৭৪

৭ম পর্ব সিভিল (ব্যবহারিক)

জব নং-০৩

জব সম্পাদনের তারিখ-

জবের নাম-

একটি টুওয়ে স্লাবের রিইনফোর্সমেন্টের মডেল প্রস্তুত করণ ।
(ড্রইং অনুযায়ী)

ডিজাইন স্পেসিফিকেশনস

মডেলকৃত ছাদের আকার= ২মি X ১মি
ছাদের পূরুত্ব = ৪.৫"= ১২ সেমি.
শর্ট স্প্যান বরাবর = ১০ মিমি Ø @ ১২ সেমি পর পর
লং স্প্যান বরাবর= ১০ মিমি Ø @ ১৮ সেমি পর পর

প্রয়োজনীয় যন্ত্রপাতি ও মালামাল-

১.রড কাটিং মেশিন-১টি
২.হ্যামার -১টি
৩.শাবল রড -১টি
৪.হুক তৈরি করার জন্য ফ্রেম-১টি
৫.নির্ধারিত ব্যসের প্রয়োজনীয় রড
৬.জি আই তার প্রয়োজনমত
৭.সাটারিং
৮.২ সেমি আকারের কংক্রিট ব্লক

প্রয়োজনীয় চিত্র



কাজের ধারা

১. প্যানেল মাপানুযায়ী ডিজাইন পদ্ধতি অনুসারে ডিজাইনটি সম্পূর্ণ করি।
২. ডিজাইনে প্রাপ্ত তথ্যাদি হইতে প্রধান রড এবং বাছাই/সংগ্রহ করি।
৩. ডিজাইন অনুযায়ী স্লাবে রডের অবস্থান প্রদর্শন পূর্বক একটি পরিচ্ছন্ন ড্রইং অংকন করি।
৪. ড্রইং হইতে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করে প্রধান রড (স্ট্রেইট, ক্রাংক) এবং এক্সট্রা টপ রডের প্রয়োজনীয় দৈর্ঘ্য এবং সংখ্যা নির্ণয় করি।

ক) প্রধান রডের সংখ্যা (শর্ট ডিরেকশনের জন্য)

স্ট্রেইট বারের দৈর্ঘ্য = [{(160-2 x 7.50)/spacing}/2]+1=
ক্রাংক বারের দৈর্ঘ্য = [{(160-2 x 7.50)/spacing}/2] =
এক্সট্রা টপ বারের দৈর্ঘ্য = স্ট্রেইট বারের সমান

প্রধান রডের দৈর্ঘ্য (শর্ট ডিরেকশনের জন্য)

স্ট্রেইট বারের দৈর্ঘ্য = 140-2 x 7.5-2x10Ø =
ক্রাংক বারের দৈর্ঘ্য = 140+2x0.5Ø -2 x 7.5-2x10Ø =
এক্সট্রা টপ বারের দৈর্ঘ্য = 140/4+ 2x10Ø=

ক) প্রধান রডের সংখ্যা (লং ডিরেকশনের জন্য)

স্ট্রেইট বারের দৈর্ঘ্য = [{(140-2 x 7.50)/spacing}/2]+1=
ক্রাংক বারের দৈর্ঘ্য = [{(140-2 x 7.50)/spacing}/2] =
এক্সট্রা টপ বারের দৈর্ঘ্য = স্ট্রেইট বারের সমান

প্রধান রডের দৈর্ঘ্য (লং ডিরেকশনের জন্য)

স্ট্রেইট বারের দৈর্ঘ্য = 160-2 x 7.5-2x10Ø =
ক্রাংক বারের দৈর্ঘ্য = 160+2x0.5Ø -2 x 7.5-2x10Ø =
এক্সট্রা টপ বারের দৈর্ঘ্য = 160/4+ 2x10Ø=

৫. উপরোক্ত হিসাব অনুযায়ী প্রাপ্ত দৈর্ঘ্যের নির্দিষ্ট সংখ্যক রড কেটে নিই। রড গুলি হ্যামারে সাহায্যে সমতল জায়গায় রেখে সোজা করে নিই।
৬. সংযুক্ত চিত্রানুযায়ী প্রধান স্ট্রেইট, ক্রাংকবার, এক্সট্রা টপ এবংতাপীয় রডে প্রয়োজনীয় হুক ক্রাংক প্রয়োগ করি।
৭. কাঠ বা স্টীল দিয়ে প্রয়োজনীয় মাপের সাটারিং প্রস্তুত করি।
৮. প্রধান রডের স্পেসিং অনুযায়ী স্ট্রেইট, ক্রাংকবার নির্ধারিত দুরত্বে সাটারিং এর উপর স্থাপন করি।
৯. তাপীয় রডগুলি নির্দিষ্ট স্পেসিং অনুযায়ী উক্ত প্রধান রডের উপর আড়াআড়ি ভাবে স্থাপন করি।
১০. জি আই তার দিয়ে নিয়মানুযায়ী রড গুলি বেঁধে ফেলি।
১১. কভারিং এর জন্য ২সেমি আকারের কংক্রিট ব্লক ব্যবহার করি।

বিষয়ঃ- ডিজাইন অব স্ট্রাকচার-২

বিষয় কোড-৬৪৭৪

৭ম পর্ব সিভিল (ব্যবহারিক)

জব নং-০৪

জব সম্পাদনের তারিখ-

জবের নাম-

একটি আরসিসি সিঁড়ি স্লাবের রিইনফোর্সমেন্টের মডেল প্রস্তুত করণ ।
(ড্রইং অনুযায়ী)

ডিজাইন স্পেসিফিকেশনস

ওয়েস্ট স্লাবের পূরুত্ব = ৬.০"= ১৫ সেমি.

প্রধান রড = ১২ মিমি Ø @ ১৫ সেমি পর পর

তাপীয় রড = ১০ মিমি Ø @ ২০ সেমি পর পর

এক্সট্রা টপ =১২ মিমি Ø @ ১৫ সেমি পর পর

ট্রেডের সংখ্যা = ৯টি প্রস্থ ২৫ সেমি

রাইজারের উচ্চতা = ৬সেমি ১০টি

প্রয়োজনীয় যন্ত্রপাতি ও মালামাল-

১.রড কাটিং মেশিন-১টি

২.হ্যামার -১টি

৩.শাবল রড -১টি

৪.হুক তৈরি করার জন্য ফ্রেম-১টি

৫.নির্ধারিত ব্যসের প্রয়োজনীয় রড

৬.জি আই তার প্রয়োজনমত

৭.সাটারিং

৮.২ সেমি আকারের কংক্রিট ব্লক

প্রয়োজনীয় চিত্র



কাজের ধারা

১. প্যানেল মাপানুযায়ী ডিজাইন পদ্ধতি অনুসারে ডিজাইনটি সম্পূর্ণ করি।
২. ডিজাইনে প্রাপ্ত তথ্যাদি হইতে প্রধান রড এবং তাপীয় রড বাছাই/সংগ্রহ করি।
৩. ডিজাইন অনুযায়ী স্লাবে রডের অবস্থান প্রদর্শন পূর্বক একটি পরিচ্ছন্ন ড্রইং অংকন করি।
৪. ড্রইং হইতে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করে প্রধান রড (স্ট্রেইট, ক্রাংক) এবং তাপীয় রডের প্রয়োজনীয় দৈর্ঘ্য এবং সংখ্যা নির্ণয় করি।

ক) প্রধান রডের দৈর্ঘ্য

প্রধান বারের দৈর্ঘ্য = (২ x ল্যান্ডিং এর প্রস্থ+ ট্রেড সমুহের যোগফল)+ 2x10Ø(হুকের জন্য)-২ x কভারিং

এক্সট্রা টপ বারের দৈর্ঘ্য = ল্যান্ডিং এর প্রস্থ+ ট্রেড সমুহের যোগফল/৪+ 2x10Ø(হুকের জন্য)-১ x কভারিং

তাপীয় রডের দৈর্ঘ্য = ল্যান্ডিং এর প্রস্থ-২ x কভারিং

রডের সংখ্যা

প্রধান রডের সংখ্যা = (ওয়েস্ট স্লাবের প্রস্থ-২ x কভারিং)/স্পেসিং+১

এক্সট্রা টপ বারের সংখ্যা = প্রধান রডের সংখ্যা

তাপীয় রডের সংখ্যা =[(২ x ল্যান্ডিং এর প্রস্থ+ ট্রেড সমুহের যোগফল)/স্পেসিং]+ ১

তাপীয় রডের সংখ্যা(উপরে বা নীচে) ={(তাপীয় রডের দৈর্ঘ্য÷ স্পেসিং)+১}২*উভয় পার্শ্বে

৫. উপরোক্ত হিসাব অনুযায়ী প্রাপ্ত দৈর্ঘ্যের নির্দিষ্ট সংখ্যক রড কেটে নিই। রড গুলি হ্যামারে সাহায্যে সমতল জায়গায় রেখে সোজা করে নিই।
৬. সংযুক্ত চিত্রানুযায়ী প্রধান স্ট্রেইট, ক্রাংকবার, এক্সট্রা টপ এবংতাপীয় রডে প্রয়োজনীয় হুক এবং ক্রাংক প্রয়োগ করি।
৭. কাঠ বা স্টীল দিয়ে প্রয়োজনীয় মাপের সাটারিং প্রস্তুত করি।
৮. প্রধান রডের স্পেসিং অনুযায়ী স্ট্রেইট, ক্রাংকবার নির্ধারিত দুরত্বে সাটারিং এর উপর স্থাপন করি।
৯. তাপীয় রডগুলি নির্দিষ্ট স্পেসিং অনুযায়ী উক্ত প্রধান রডের উপর আড়াআড়ি ভাবে স্থাপন করি।
১০.জি আই তার দিয়ে নিয়মানুযায়ী রড গুলি বেঁধে ফেলি।
১১. কভারিং এর জন্য ২সেমি আকারের কংক্রিট ব্লক ব্যবহার করি।

মন্তব্যঃ

বিষয়ঃ- ডিজাইন অব স্ট্রাকচার-২
বিষয় কোড-৬৪৭৪
৭ম পর্ব সিভিল (ব্যবহারিক)

জব নং-০৫

জব সম্পাদনের তারিখ-

জবের নাম-

কলামসহ ফুটিং এর রিইনফোর্সমেন্টের মডেল প্রস্তুত করণ ।
(ড্রইং অনুযায়ী)

ডিজাইন স্পেসিফিকেশনস

কলামের জন্য

কলামের আকার = ২৫ সেমি X ২৫সেমি

প্রধান রড = ৪টি ১৬ মিমি

স্টিরাপ = ৮ মিমি Ø @ ১২ সেমি পর পর

ফুটিং এর জন্য

ফুটিং এর আকার = ১.০৭মি X ১.০৭মি

প্রধান রড = ৭টি ১২ মিমি (উভয় পার্শ্বে)

প্রয়োজনীয় যন্ত্রপাতি ও মালামাল-

১.রড কাটিং মেশিন-১টি

২.হ্যামার -১টি

৩.শাবল রড -১টি

৪.হুক তৈরি করার জন্য ফ্রেম-১টি

৫.নির্ধারিত ব্যসের প্রয়োজনীয় রড

৬.জি আই তার প্রয়োজনমত

৭.সাটারিং

৮.২ সেমি আকারের কংক্রিট ব্লক

প্রয়োজনীয় চিত্র





কাজের ধারা

১. প্যানেল মাপানুযায়ী ডিজাইন পদ্ধতি অনুসারে ডিজাইনটি সম্পূর্ণ করি।
২. ডিজাইনে প্রাপ্ত তথ্যাদি হইতে প্রধান রড এবং তাপীয় রড বাছাই/সংগ্রহ করি।
৩. ডিজাইন অনুযায়ী স্লাবে রডের অবস্থান প্রদর্শন পূর্বক একটি পরিচ্ছন্ন ড্রইং অংকন করি।
৪. ড্রইং হইতে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করে প্রধান রডের (স্ট্রেইট, ক্রাংক) প্রয়োজনীয় দৈর্ঘ্য এবং সংখ্যা নির্ণয় করি।

ক)কলামের প্রধান রডের দৈর্ঘ্য

ধরি, মডেলকৃত কলামের দৈর্ঘ্য= ১১৭ সেমি

খাড়া প্রধান রডের সংখ্যা= ৪টি

প্রতিটি রডের দৈর্ঘ্য=কলামের দৈর্ঘ্য + এ্যাংকরেজ দৈর্ঘ্য

= ১১৭ সেমি+৩০সেমি

= ১৪৭ সেমি।

টাই রডের দৈর্ঘ্য=৪(কলামের এক পার্শ্বের দৈর্ঘ্য -২x কভারিং)+2x10Ø

খ) ফুটিং এর রডের দৈর্ঘ্য

রডের দৈর্ঘ্য= ফুটিং এর পার্শ্বমাপ-২x কভারিং

রডের সংখ্যা =[{ফুটিং এর পার্শ্বমাপ-২x কভারিং +২x বেন্ড দৈর্ঘ্য}÷ স্পেসিং]+১

৫. উপরোক্ত হিসাব অনুযায়ী প্রাপ্ত দৈর্ঘ্যের নির্দিষ্ট সংখ্যক রড কেটে নিই। রড গুলি হ্যামারে সাহায্যে সমতল জায়গায় রেখে সোজা করে নিই।

৬. সংযুক্ত চিত্রানুযায়ী প্রধান স্ট্রেইট, ক্রাংকবার, এক্সট্রা টপ এবংতাপীয় রডে প্রয়োজনীয় হুক এবং ক্রাংক প্রয়োগ করি।

৭. কাঠ বা স্টীল দিয়ে প্রয়োজনীয় মাপের সাটারিং প্রস্তুত করি।

৮. প্রধান রডের স্পেসিং অনুযায়ী স্ট্রেইট, ক্রাংকবার নির্ধারিত দুরত্বে সাটারিং এর উপর স্থাপন করি।

৯. তাপীয় রডগুলি নির্দিষ্ট স্পেসিং অনুযায়ী উক্ত প্রধান রডের উপর আড়াআড়ি ভাবে স্থাপন করি।

১০.জি আই তার দিয়ে নিয়মানুযায়ী রড গুলি বেঁধে ফেলি।

১১. কভারিং এর জন্য ৭.৫সেমি আকারের কংক্রিট ব্লক ব্যবহার করি।

মন্তব্যঃ